অপ্রকাশিত

তারিখ ২০/১০/৮১
পৃষ্ঠা ... কলাম ...



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারিগরি শিক্ষা পরিদপ্তর**
**১৯, ইসপাহানী পার্ক**
**মগবাজার, ঢাকা--১৭**

# ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সম্প্রতি কুষ্টিয়া জেলায় হোসেনবাদ ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউটের নির্মাণ কাজ সমাপ্ত হইয়াছে এবং যন্ত্রপাতি সংস্থাপনের কাজ চলিতেছে।

আগামী জানুয়ারী ১৯৮২ হইতে ছয় মাস মেয়াদী মডিউলার ভকেশনাল কোর্সে যথারীতি প্রশিক্ষণ আরম্ভ করা হইবে। এই প্রেক্ষিতে নিম্নলিখিত কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৬-১১-৮১ ইং। সাদা কাগজে নাম, পিতার নাম, অভিভাবকের নাম, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী) জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা (সত্যায়িত সার্টিফিকেটসহ) উল্লেখপূর্বক সুপারিনটেনডেন্ট, ভকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট, পোঃ খাসমথুরাপুর, কুষ্টিয়া বরাবরে দরখাস্ত করিতে হইবে। দরখাস্তের সহিত সুপারিনটেনডেন্ট-এর বরাবরে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৫/- (পাঁচ) টাকার পোষ্টাল অর্ডার দিতে হইবে। একটি নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থীদিগকে চূড়ান্ত নির্বাচন করা হইবে। পরীক্ষার তারিখ ইনষ্টিটিউট কর্তৃপক্ষ নির্ধারণ করিবেন।

বিস্তারিত বিবরণ ও অন্যান্য তথ্যের জন্য ইনষ্টিটিউটের সুপারিনটেনডেন্ট-এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাইতেছে।

| ক্রমিক নং | কোর্সের নাম | সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১। | ইলেকট্রিক ওয়্যারিং | অষ্টম শ্রেণী পাস | ১০ |
| ২। | জেনারেল মেকানিক (ফিটিং এণ্ড ওয়েলডিং) | ঐ | ১০ |
| ৩। | পাম্প মেকানিক | ঐ | ১০ |
| ৪। | কারপেনটারী | ঐ | ১০ |
| ৫। | উইভিং | ঐ | ১০ |
| ৬। | টেইলারিং | ঐ | ১০ |
| ৭। | রেডিও মেকানিক | এস, এস, সি | ১০ |
| ৮। | টাইপিং (বাংলা ও ইংরেজী) | ঐ | ১০ |

টেইলারিং, উইভিং ও রেডিও মেকানিক কোর্সে মহিলা প্রার্থিগণ অগ্রাধিকার পাইবে।

তথ্য—৬৯১৮(১৯-১০)
১৮৯০

(আর মল্লিক),
প্রকল্প পরিচালক।